



ফ্যামিলি কার্ড প্রকল্পের ত্রুটি দ্রুত সংশোধন হবে: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সংগৃহীত ছবি

ফ্যামিলি কার্ড কর্মসূচির বিদ্যমান ত্রুটি দ্রুত চিহ্নিত করে ঠিক করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।

সোমবার (২৭ এপ্রিল) এ বিষয়ে এক বৈঠক শেষে তিনি জানান, প্রকল্পটির বাস্তবায়ন আরও কার্যকর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং আগামী বাজেটে এর জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখা হবে। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত এই বৃহৎ উদ্যোগে প্রাথমিক পর্যায়ে সামান্য ভুল থাকলেও তা এক শতাংশেরও কম বলে উল্লেখ করেন তিনি।

অর্থমন্ত্রী বলেন, পাইলট কার্যক্রমে ইতোমধ্যে ৩৭ হাজারের বেশি কার্ড বিতরণ করা হয়েছে। এ সময় কেউ বাদ পড়েছে বা অযথা অন্তর্ভুক্ত হয়েছে কি না—এসব বিষয় খতিয়ে দেখা হচ্ছে। ইতোমধ্যে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতে আরও নির্ভুলভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সমন্বয় জোরদার করা হচ্ছে।

তিনি আরও বলেন, ফ্যামিলি কার্ড প্রকল্পটি শুধু সামাজিক সুরক্ষার মধ্যে সীমাবদ্ধ নয়; এটি নারীর ক্ষমতায়ন ও প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার একটি মানবিক উদ্যোগ। বাজেট কোনো বাধা হবে না উল্লেখ করে তিনি জানান, প্রয়োজন অনুযায়ী অর্থ দেওয়া হবে এবং যথাযথ সংশোধন ও সমন্বয়ের মাধ্যমে প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের আশা করা হচ্ছে।